



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.৩৩০৯

তারিখ: ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
০৪ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ

Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

অক্টোবর ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেনের ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৬৮০ মার্কিন ডলার এবং ৭৩০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭১২.৫০ মার্কিন ডলার বিবেচনায় অক্টোবর ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিগিজ ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ে মূল্য নিম্নবর্ণিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিগিজের রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১৫৩.০৬ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজের ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিগিজের ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, অক্টোবর-২০২৬


বিবরণ	বোতলজাতকৃত এলপিগিজের পরিমাণ ও মূল্য												
বোতলজাতকৃত এলপিগিজের পরিমাণ	৫.৫ কেজি	১২ কেজি	১২.৫ কেজি	১৫ কেজি	১৬ কেজি	১৮ কেজি	২০ কেজি	২২ কেজি	২৫ কেজি	৩০ কেজি	৩৩ কেজি	৩৫ কেজি	৪৫ কেজি
রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মুসকসহ)	৮৪২ টাকা	১,৮৩৭ টাকা	১,৯১৩ টাকা	২,২৯৬ টাকা	২,৪৪৯ টাকা	২,৭৫৫ টাকা	৩,০৬১ টাকা	৩,৩৬৭ টাকা	৩,৮২৭ টাকা	৪,৫৯২ টাকা	৫,০৫১ টাকা	৫,৩৫৭ টাকা	৬,৮৮৮ টাকা

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে (i) তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজের ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি কেজি ১৪৯.৩১ টাকায় এবং (ii) গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিগিজের ভোক্তাপর্যায়ে মুসকসহ মূল্য প্রতি লিটার ০.৩৩১৯ টাকায় বা প্রতি ঘনমিটার ৩৩১.৯০ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মুসকসহ মূল্য প্রতি লিটার ৮৪.৬২ টাকায় সমন্বয় করা হলো।

- সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৪ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।
- ২৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬ অনুযায়ী সরকারি এলপিগিজের ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৭৭৬.৯৩ টাকা অপরিবর্তিত থাকবে।
- প্রত্যেক এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ লাইসেন্সি এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ পরবর্তী মূল্যে (মুসক-উত্তর/মুসকসহ) ডিস্ট্রিবিউটরের নিকট এলপিগিজ বিক্রয় করবে এবং সে অনুযায়ী মুসক চালান/ডেলিভারি অর্ডার (ডিও) প্রদান করবে।
- কোনো পর্যায়ে (এলপিগিজ মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিগিজ (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।
- ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/৩৬) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,


মোঃ নজরুল ইসলাম সরকার

সচিব, বিইআরসি।

ফোন: ০২-২২৬৬৪০৯০৫